




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd



দুর্নীতিরোধকল্পে জনসচেতনতার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
সভার তারিখ : ১৩/১০/২০২১ খ্রিঃ
সময় : ১৪:৩০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

দুর্নীতিরোধকল্পে জনসচেতনতার লক্ষ্যে অনুষ্ঠিত সভায় উপস্থিত সরকারি/বেসরকারি ও বিভিন্ন সংস্থা হতে আগত প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে আলোচনায় সভাপতি জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সরকারের একটি সেবামুখী প্রতিষ্ঠান। দুর্জয় সাহস, অমিত মনোবল আর দৃঢ় প্রত্যয়ে গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে এই প্রতিষ্ঠানের কর্মীগণ সর্বদা মানব সেবায় নিয়োজিত। প্রাকৃতিক ও মানবসৃষ্ট সকল দুর্ঘটনায় সরকারের প্রথম সাড়াদানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে এ অধিদপ্তর।

০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমে দুর্নীতিরোধকল্পে আলোচনাকালে উল্লেখ করেন, অগ্নিনির্বাপন, দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসায় স্থানান্তর, অ্যাম্বুলেন্স সার্ভিস, দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা; বহতল/ বাণিজ্যিক ভবন, শপিংমল, হাটবাজার, বিপণিবিতান, শিক্ষা প্রতিষ্ঠান, বহতল/বাণিজ্যিক ভবন, হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানে সড়ক, মহাসড়কের ঝুঁকিপূর্ণ স্থানে স্থল বন্দর, সমুদ্র বন্দর, নৌ-বন্দর, লঞ্চঘাট, ফেরিঘাট, ধর্মীয় প্রতিষ্ঠানে ও বস্তি এলাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক মহড়া ও প্রশিক্ষণ পরিচালনা করা হয়। দুর্ঘটনা-দুর্যোগ তাৎক্ষণিকভাবে মোকাবিলায় জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় টহল কার্যক্রম পরিচালনা, ওয়্যারহাউজ, ওয়ার্কশপের অগ্নি প্রতিরোধ ও নির্বাপন ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র প্রদান, ফায়ার লাইসেন্স ও অন্যান্য বাবদ রাজস্ব আদায়, ফায়ার রিপোর্ট প্রদান, সার্ভে পরিচালনা করা হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এ সকল কাজের পাশাপাশি [রোহিঙ্গা শরণার্থী শিবিরে উদ্ধার ও দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণদান, বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও স্থাপনাসমূহে জীবাণুনাশক ছিটানো, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে সেবাগ্রহীতাদের প্রতিক্রিয়া, অভিযোগ-অনুযোগ ও মতামত জানা, সড়ক ও নৌ-দুর্ঘটনায় দ্রুত সাড়াদানে ঝুঁকিপূর্ণস্থানে টহল ইউনিট মোতায়েন, আটকে পড়া পোষা বা বিরল প্রজাতির পশু-পাখি উদ্ধার, স্থানীয় প্রশাসনের সহায়তায় আকস্মিক বন্যায় উদ্ধার কার্যক্রম ও ত্রাণসামগ্রী বিতরণ, বর্ষায় পাহাড়ধসের ক্ষয়ক্ষতি মোকাবিলায় গণসচেতনতা বৃদ্ধি, বর্ষায় পাহাড়ধসের ক্ষয়ক্ষতি মোকাবিলায় গণসচেতনতা বৃদ্ধি, অফিসের প্রবেশদ্বারে সাবান ও হ্যান্ড স্যানিটাইজার দ্বারা জীবাণুমুক্তকরণের ব্যবস্থা করা, স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক সকল কার্যক্রম পরিচালনা করা] ইত্যাদি উত্তম চর্চা অনুশীলন করে থাকে। তাছাড়া এ অধিদপ্তরের সেবাসমূহের সহজীকরণ ও স্বচ্ছতা নিশ্চিতকল্পে ই-ফায়ার লাইসেন্স, বহতল ভবনের অনাপত্তি সনদ, ই- ফায়ার এন্ড সেফটি সেবা, ফায়ার সেফটি ম্যানেজার কোর্স ও ফায়ার সায়েন্স এন্ড অকুপেশনাল সেফটি এর অনলাইন আবেদন ইত্যাদি নাগরিক সেবা এবং ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম, HR data base, ইনসিডেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (কন্ট্রোল রুম) অভ্যন্তরীণ সেবা অনলাইনে চালু করা হয়েছে।


০৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি/ সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করে থাকে। এই সেবা প্রক্রিয়ায় নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করে। সভাপতি দায়বদ্ধতা নিশ্চিতকল্পে অত্র অধিদপ্তর কি ধরনের সেবা প্রদান করে, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানের পদ্ধতি ইত্যাদি বিষয় আলোচনা করেন। অধিদপ্তরসহ মাঠ কার্যালয়ের মাধ্যমে ফায়ার সার্ভিস নাগরিক সেবা হিসেবে তাৎক্ষণিকভাবে অগ্নিনির্বাপন, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা এবং অ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করে থাকে। এছাড়া গ্রাহকদের আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে আবাসিক/বাণিজ্যিক বহতল ভবনের ছাড়পত্র প্রদান, ফায়ার রিপোর্টের ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে তদন্ত কমিটি কর্তৃক পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে সিদ্ধান্ত অবহিতকরণ, আবেদন করার তিন মাসের মধ্যে স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ, ৬ মাস মেয়াদি ফায়ার সাইন্স এন্ড অকুপেশনাল সেফটি ও ফায়ার সেফটি ম্যানেজার কোর্স এবং

(Handwritten signature)

ফায়ার ডিপ্লোমা কোর্স পরিচালনা করা হয়। প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে অগ্নি প্রতিরোধ, নির্বাণ, উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ, অগ্নি প্রতিরোধ বিষয়ক পরামর্শ, সার্ভে এবং মহড়া পরিচালনা করা হয়। অভ্যন্তরীণ সেবা হিসেবে আবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে পেনশন মঞ্জুর, ছুটি মঞ্জুর, কর্মচারী কল্যাণ তহবিল হতে ঋণ ও চূড়ান্ত প্রদান, জিপিএফ ঋণ, কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা পরিচালনা, ক্রয় ও সরবরাহ (অভ্যন্তরীণ), বৈদেশিক ক্রয়, অগ্নিনির্বাপনী গাড়ি/ পাম্প ও সাজসরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ, উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প বাস্তবায়ন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সদ্য নিয়োগ প্রাপ্তদের বুনিয়েদি প্রশিক্ষণ, সতেজকরণ, পদোন্নতি পূর্ব প্রশিক্ষণ, কম্পিউটার প্রশিক্ষণ, আন্তর্জাতিক প্রশিক্ষণ, সেমিনার ও মহড়া ব্যবস্থাপনা, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী অগ্নি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়। সিটিজেন চার্টারে উল্লিখিত সময়ের মধ্যে সেবাসমূহ প্রাপ্তিতে কোন সমস্যা মোকাবিলা করলে তাৎক্ষণিকভাবে জানানোর অনুরোধ করা হয়। উল্লিখিত সেবাসমূহ প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট সকলের জবাবদিহিতা নিশ্চিত করতে সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

০৪। কর্মকর্তা/ কর্মচারীদের সাথে সুশাসন জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অধিদপ্তরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু আছে। কোন অভিযোগ থাকলে সে সম্পর্কে অবগত করার জন্য ডাকযোগে, ওয়েবসাইটের সেবাবক্সের মাধ্যমে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বক্সে অভিযোগ দাখিলের জন্য ফরম দেয়া আছে, কোন অভিযোগ থাকলে নির্ধারিত ফরম পূরণ করে অভিযোগ দাখিল করা যায়। প্রতি কার্যদিবসে অভিযোগ বক্স পরিবীক্ষণ করা হয়। তাছাড়া ডাকযোগে অভিযোগ আসলে অধিদপ্তরের তদন্ত শাখার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়। অভিযোগবক্সসহ অন্য কোন মাধ্যমে অভিযোগ পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে মহাপরিচালক বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করেন। এ ব্যাপারে কোন শৈথিলতা গ্রহণযোগ্য নয়।

০৫। পরিশেষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা সম্পর্কে কোন অভিযোগ/মতামত প্রাপ্ত হলে অভিযোগ/ মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ এবং অংশগ্রহণকারী সকলকে বিভিন্ন দুর্ঘটনা-দুর্ঘটনায় সমন্বিতভাবে মোকাবিলার আহ্বান জানান। এছাড়া শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সভায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।


 ব্রিগেডিয়ার জেনারেল
 মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
 মহাপরিচালক

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.৩৯.১৪৬.১৭- ২২৬৭

তারিখঃ ২৫/ অক্টোবর, ২০২১
২/ কার্তিক, ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১. যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পেরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)/ (প্রকল্প-২৫, সংশোধিত-৪৬)/ (প্রকল্প-১৫৬)/ (সেফার প্রকল্প)/ (ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প)/ (১১ মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (উন্নয়ন)/ (পেরিকল্পনা কোষ)/ (অ্যাশুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স -----বিভাগ,----- (সকল)।

৫. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও ষ্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. উপসহকারী পরিচালক (রিফর্ম সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ফায়ার সেফটি সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।



মাঃ ওহিদুল ইসলাম

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)